তারিখ 25 FEB 2016
পৃষ্ঠা ২ কলাম ২

আমাদেরসময়

# প্রাথমিক প্রধান শিক্ষক পদে নন-ক্যাডার নিয়োগের সুপারিশ

এমএইচ রবিন ●

দেশের প্রাথমিক বিদ্যালয়ের ২৫ হাজার প্রধান শিক্ষকের শূন্য পদে পাবলিক সার্ভিস কমিশনের পরীক্ষায় উত্তীর্ণ কিন্তু ক্যাডার পদে সুপারিশপ্রাপ্ত নয় এমন প্রার্থীদের নিয়োগ দেওয়ার সুপারিশ করেছে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় কমিটি। নিড বেইজ সার্ভের মাধ্যমে প্রয়োজনের নিরিখে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ৬ষ্ঠ থকে ৮ম শ্রেণি পর্যন্ত পাঠদান চালুর বিষয়ে আলোচনা হয় কমিটির বৈঠকে। ১০ম জাতীয় সংসদের প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির ২৩তম বৈঠক গতকাল জাতীয় সংসদ ভবনে অনুষ্ঠিত হয়।

বৈঠকে অংশ নেওয়া এক সদস্য আমাদের এরপর পৃষ্ঠা ২, কলাম ৮

## প্রাথমিক প্রধান

(শেষ পৃষ্ঠার পর) সময়কে জানান, প্রধান শিক্ষকের পদ শূন্য থাকায় অনেক সরকারি প্রাথমিক বিদ্যালয়ে পাঠদান ও প্রশাসনিক কার্যক্রম ব্যাহত হচ্ছে দীর্ঘদিন। বিষয়টিকে গুরুত্ব দিয়ে পুলিশ ও ডাক্তারের মতো স্ব-স্ব মন্ত্রণালয়ের অধীন অথবা বিপিএসসির মাধ্যমে বিসিএস উত্তীর্ণ কিন্তু ক্যাডার পদে সুপারিশপ্রাপ্ত নয় এমন আগ্রহী প্রার্থীদের নিয়োগ প্রদানে যথাযথ পদক্ষেপ গ্রহণ করা হবে মর্মে স্থায়ী কমিটি সুপারিশ করেছে।